তারিখ ... 09 JUL 1991
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৫
২৮
35

দৈনিক ইত্তেফাক

# তদন্ত কমিশনের রিপোর্ট পর্যালোচনার জন্য কমিটি গঠন

(চট্টগ্রাম অফিস)

গত রবিবার সকালে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভিসি'র বাসবভবনে সিণ্ডিকেটের এক জরুরী সভা ভিসি আলমগীর

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

(১ম পৃঃ পর)

মোহাম্মদ সিরাজউদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে গত ২২শে ডিসেম্বর সংগঠিত ঘটনাবলী নিয়া বিচারবিভাগীয় তদন্ত কমিশনের রিপোর্ট নিয়া আলোচনা করা হয়। সভায় এই রিপোর্ট পর্যালোচনার জন্য তিন সদস্যের একটি কমিটি গঠন করা হয়। কমিটির সদস্যরা হইতেছেন, প্রফেসর আলী ইমদাদ খান, ডঃ মঈনুল ইসলাম ও অধ্যাপক মাহমুদুল হক।

### সিনেট সভা লইয়া প্রতিক্রিয়া

এদিকে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন শিক্ষক সংগঠন গত রবিবার অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয়ের সিনেট সভার পক্ষে-বিপক্ষে ব্যাপক প্রতিক্রিয়া ব্যক্ত করিয়াছে। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি এক প্রেস বিজ্ঞপ্তিতে রবিবার রাতে অনুষ্ঠিত বহু বিতর্কিত সিনেট সভার সংবাদে বিস্ময় প্রকাশ করিয়াছে। বিজ্ঞপ্তিতে তাহারা এই সভা অনুষ্ঠানের সংবাদটি বানোয়াট বলিয়া উল্লেখ করেন।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সাধারণ শিক্ষক সমাজের পক্ষে জিয়া হায়দার স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে চরম প্রতিকূল অবস্থার মুখেও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বার্ষিক সিনেট সভা অনুষ্ঠানে সন্তোষ প্রকাশ করা হয় এবং এজন্যে সিনেট সদস্যবৃন্দ ও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে অভিনন্দন জ্ঞাপন করা হয়। বিকালে বিশ্ববিদ্যালয়ের শহর ক্লাবে শিক্ষক সমাজের এক জরুরী সভায় বলা হয়, রবিবারের সিনেট সভা বানচাল করার জন্য শিবির ও তাহাদের সমর্থনকারী সংগ্রামী ছাত্রঐক্য এবং তাহাদের মদদদানকারী কতিপয় শিক্ষক ভোর ৪টা হইতে বিকাল ৫টা পর্যন্ত ক্যাম্পাস, ভিসি ভবন ও প্রশাসনিক ভবনে সশস্ত্র অবরোধ এবং সন্ত্রাস সৃষ্টি করে। সভায় সভাপতিত্ব করেন অধ্যাপক জিয়া হায়দার।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষক পরিষদ ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় জাতীয়তাবাদী শিক্ষক পরিষদের পৃথক পৃথক প্রেস বিজ্ঞপ্তিতে রবিবার সিনেট সভা অনুষ্ঠানের সংবাদে বিস্ময় প্রকাশ করা হয়।